

স্থানীয় সরকার বিভাগ
৩১ MAR 2016
Email: info@sarker@gmail.com, Website: http://infosarker.bcc.net.bd

ইনফো-সরকার প্রকল্পের আওতায় আয়োজিত দিনব্যাপী ভিডিও কনফারেন্সিং সিস্টেম পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় দায়িত্বপূর্ণ দুইজন কর্মকর্তা প্রেরণ প্রসঙ্গে।

তারিখ : ২৮ মার্চ, ২০১৬

বিষয় : ইনফো-সরকার প্রকল্পের আওতায় আয়োজিত দিনব্যাপী ভিডিও কনফারেন্সিং সিস্টেম পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় দায়িত্বপূর্ণ দুইজন কর্মকর্তা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, “ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)” প্রকল্পের আওতায় সারাদেশে মন্ত্রণালয়/বিভাগসহ বিভিন্ন সরকারি দপ্তরে ৮০০টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। ইতিমধ্যে এ সকল ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহারের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের নিয়মিতভাবে গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হচ্ছে। অপরদিকে ভিডিও কনফারেন্সিং সিস্টেম পরিচালনায় কোন কোন কর্মকর্তা নানাবিধ অসুবিধার সম্মুখীন হচ্ছেন মর্মেও জানা যাচ্ছে। সিস্টেমটি যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণের ব্যবহারবিধি অবহিত করার লক্ষ্যে প্রকল্পের পক্ষ হতে আগামী ০৭ এপ্রিল, ২০১৬ তারিখ বৃহস্পতিবার সকাল ৯:০০ টা থেকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭ এর অডিটোরিয়ামে (তৃতীয় তলা) দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় তাঁর মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে একজন টেকনোলজি সম্পর্কে জ্ঞাত (সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার) কর্মকর্তা, যিনি সিস্টেমটি অপারেট করবেন এবং একজন উর্ধ্বতন কর্মকর্তা, যিনি ভিডিও কনফারেন্সিং সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত আছেন; তাঁদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। আগত কর্মকর্তাদের কোনরূপ টিএ,ডিএ প্রদান করা হবে না। উল্লেখ্য যে, আপনার দপ্তরে ব্যবহারের জন্য কর্মশালার যোগদানকৃত কর্মকর্তাদের নিকট ২ কপি ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহার নির্দেশিকা প্রশিক্ষণ সমাপনান্তে প্রদান করা হবে। নির্দেশিকা দুইটি যথাযথভাবে সংরক্ষণপূর্বক ব্যবহারের জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষণ কর্মশালা সম্পর্কিত কোন তথ্যের প্রয়োজনে ড. মোঃ জিয়াউদ্দীন, উপ-সচিব ও উপ-প্রকল্প পরিচালক (মোবাইল নং-০১৭১৫০২৬৯৬১) ইনফো-সরকার প্রকল্পের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি ১ প্রশিক্ষণ কর্মশালার অনুষ্ঠানসূচী - ১পাতা।

যুগ্ম-সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং: ৩৩৭
তারিখ: ২৮/৩/১৬
স্বাক্ষর: [স্বাক্ষর]
যুগ্ম সচিব (প্রশাসন)
সিনিয়র সচিব/সচিব/সিনিয়র সচিব-১/২/জেপ

[স্বাক্ষর]
(মোঃ সাইফুল ইসলাম)
যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক
ইনফো-সরকার প্রকল্প
মোবা: ০১৮২৩৫৩৯৬৫৬

৪২৭৭... মন্ত্রণালয়/বিভাগ

(দৃষ্টি আকর্ষণের জন্য সচিব, প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ
অতিরিক্ত সচিব

১) অতিরিক্ত সচিব
২) সিনিয়র সচিব
৩) সচিব

১) প্রশাসন
২) প্রশাসন
৩) প্রশাসন

যুগ্ম সচিব (প্রশাসন) ও
সিনিয়র সচিব (প্রশাসন)
[স্বাক্ষর]
২

ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহার বিষয়ক কর্মশালা

তারিখ : ০৭ এপ্রিল ২০১৬,
সময় : সকাল ৯:০০ ঘটিকা
স্থান : বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল অডিটোরিয়াম
ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা।

অনুষ্ঠান সূচী

রেজিস্ট্রেশন	: ৯:০০ মিনিট
অতিথিবৃন্দের আসন গ্রহণ	: ৯:১৫ মিনিট
স্বাগত বক্তব্য : প্রকল্প পরিচালক, ইনফো-সরকার প্রকল্প	: ৯:৩১ মিনিট
বিশেষ অতিথির বক্তব্য : সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	: ৯:৩৫ মিনিট
প্রধান অতিথির বক্তব্য : মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	: ৯:৪৫ মিনিট
সভাপতির বক্তব্য : নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	: ৯:৫০ মিনিট
চা বিরতি	: ১০:০০ মিনিট
ভিডিও কনফারেন্সিং সিস্টেমের বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-১	: ১০:৩১ মিনিট
ব্যবহারিক প্রশিক্ষণ	: ১২:০১ মিনিট
নামাজ ও মধ্যাহ্ন ভোজনের বিরতি	: ১৩:০০ মিনিট
ভিডিও কনফারেন্সিং সিস্টেমের বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-২	: ০২:০১ মিনিট
ব্যবহারিক প্রশিক্ষণ	: ০২:৩০ মিনিট
সমাপনি বক্তব্য	: ৩:৩০ মিনিট